# উপজেলাপরিষদ
ফুলবাড়ী, কুড়িগ্রাম।

২৬ আশ্বিন, ১৪২৭
১১ অক্টোবর ২০২০

স্মারকনং-৪৬.৪৭.৪৯১৮.০০০.০২.০০১.২০-১৩
তারিখ :

অফিস আদেশ

উপজেলা পরিষদের অক্টোবর ২০২০ মাসের সভার সিদ্ধান্ত মোতাবেক স্বচ্ছ ও জবাবদিহিতার জন্য তথ্য সংক্রান্ত ফোকাল পয়েন্ট তথ্য প্রদানকারী কর্মকর্তা হিসেবে জনাব মো: আব্দুস সালাম, একাডেমিক সুপারভাইজার, উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসারের কার্যালয়, ফুলবাড়ী, কুড়িগ্রামকে নিয়োগ দেয়া হলো।

(মো: গোলাম রব্বানী সরকার)
চেয়ারম্যান
উপজেলা পরিষদ
ফুলবাড়ী, কুড়িগ্রাম।

২৬ আশ্বিন, ১৪২৭
১১ অক্টোবর ২০২০

স্মারকনং-৪৬.৪৭.৪৯১৮.০০০.০২.০০১.২০-১৩
তারিখ :

অনুলিপি সদয় জ্ঞাতার্থে/কার্যার্থ :

১। বিভাগীয় কমিশনার, রংপুর বিভাগ, রংপুর।
২। জেলা প্রশাসক, কুড়িগ্রাম।
৩। উপপরিচালক, স্থানীয় সরকার, কুড়িগ্রাম।
৪। উপজেলা নির্বাহী অফিসার, ফুলবাড়ী, কুড়িগ্রাম।
৫। ভাইস-চেয়ারম্যান, (পুরুষ/মহিলা), উপজেলা পরিষদ, ফুলবাড়ী, কুড়িগ্রাম।
৬। উপজেলা..............................................কর্মকর্তা, ফুলবাড়ী, কুড়িগ্রাম।
৭। চেয়ারম্যান, ..............ইউনিয়ন পরিষদ(সকল), ফুলবাড়ী, কুড়িগ্রাম।
৮। ....................................................................................
৯। অফিস নথি।

(মো: গোলাম রব্বানী সরকার)
চেয়ারম্যান
উপজেলা পরিষদ
ফুলবাড়ী, কুড়িগ্রাম।

# উপজেলা পরিষদ

ফুলবাড়ী, কুড়িগ্রাম।

<u>অক্টোবর ২০২০ মাসের উপজেলা উন্নয়ন সমন্বয় কমিটির সভার কার্যবিবরণী:</u>

সভাপতি ঃ জনাব মোঃ গোলাম রব্বানী সরকার
চেয়ারম্যান, উপজেলা পরিষদ
ফুলবাড়ী, কুড়িগ্রাম।

সভার তারিখ ঃ ০৮ অক্টোবর, ২০২০খ্রিঃ।

সভার স্থান ঃ উপজেলা পরিষদ সভাকক্ষ।

সভার সময় ঃ বেলা ১১.০০ ঘটিকা।

সভার উপস্থিতি ঃ সভায় উপস্থিত সদস্যবৃন্দের তালিকা পরিশিষ্ট “ক” তে দেখানো হলো।

সম্মানিত সভাপতি জনাব মোঃ গোলাম রব্বানী সরকার, উপজেলা পরিষদ চেয়ারম্যান উপস্থিত সদস্যবৃন্দকে স্বাগত জানিয়ে সভার কাজ শুরু করেন এবং উপজেলা নির্বাহী অফিসারকে সভা পরিচালনার জন্য অনুরোধ জানান।

আলোচ্য বিষয়-১ ঃ

উপজেলা উপজেলা নির্বাহী অফিসার মোঃ তৌহিদুর রহমান, সভায় উপস্থিত উপজেলা পরিষদ চেয়ারম্যান, ভাইস-চেয়ারম্যান, মহিলা ভাইস-চেয়ারম্যান ও সকল সদস্য এবং ইউনিয়ন পরিষদের চেয়ারম্যানগণকে স্বাগত জানিয়ে সভার কাজ শুরু করেন। অতঃপর গত সভার কার্যবিবরণী সভায় পাঠ করে শোনানো হয়। এতে কোন সংশোধনী না থাকায় তা সর্বসম্মতিক্রমে দৃঢ়ীকরণ করা হয়।

আলোচ্য বিষয়-২ বিভাগীয় কার্যাবলী সম্পর্কে আলোচনা ঃ

| বিভাগের নাম | আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়ন |
|---|---|---|---|
| উপজেলা পরিষদ | চেয়ারম্যান, উপজেলা পরিষদ, ফুলবাড়ী সভায় জানান যে, ২০২০-২০২১ অর্থবছরে এডিপি'র বরাদ্দ পাওয়া গেছে। সংশ্লিষ্টদের এডিপি সংক্রান্ত স্কীম নির্বাচন করে তা দাখিলের জন্য আহ্বান জানান।<br>পাশাপাশি তিনি এ উপজেলার ১৭ (সতেরো)টি বিভাগে তাঁর কোন সংশ্লিষ্টতা আছে কিনা সে বিষয়ে প্রশ্ন রাখেন। তিনি বলেন- বিভাগীয় কার্যক্রম কিভাবে পরিচালিত হচ্ছে সে বিষয়ে তিনি মোটেই অবগত নন। তাঁকে উপেক্ষা করে কার্যক্রম পরিচালনা হচ্ছে মর্মে তিনি মনে করেন। এজন্য বিভাগীয় কর্মকর্তাগণকে তাদের বিভাগীয় কার্যক্রমের সাথে উপজেলা পরিষদের কোন সংশ্লিষ্টতা আছে কিনা তা খতিয়ে দেখে তা পরবর্তী মাসিক উন্নয়ন ও সমন্বয় মিটিং এ উপস্থাপন করার জন্য আহ্বান জানান। | ২০২০-২০২১ অর্থবছরে এডিপি সংক্রান্ত স্কীম নির্বাচন করে তা দাখিল ও বিদ্যমান ১৭টি বিভাগের সাথে উপজেলা পরিষদের সংশ্লিষ্টতা আছে কি না তা পরবর্তী সভায় উপস্থাপণ করার সিদ্ধান্ত গৃহীত হয়। | ১। সকল বিভাগীয় প্রধান |
| উপজেলা প্রকৌশল | সভায় উপজেলা প্রকৌশলী সভায় জানান যে, তার বিভাগীয় কার্যক্রম সুষ্ঠুভাবে চলছে। তিনি আরো জানান, সাম্প্রতিক বন্যায় ক্ষতিগ্রস্থ এ উপজেলার বিভিন্ন রাস্তায় মেরামত কাজ চলমান রয়েছে। ২০২০-২০২১ অর্থবছরের এডিপি'র স্কীম গ্রহণ ও বাস্তবায়ন সংক্রান্ত খসড়া আলোচনা অনুষ্ঠিত হয়। | বিভাগীয় কার্যক্রম স্বাভাবিক রাখার জন্য অনুরোধ জানানো হলো। | উপজেলা প্রকৌশলী, ফুলবাড়ী |
| উপজেলা স্বাস্থ্য ও পঃ পঃ বিভাগ | সভায় উপজেলা স্বাস্থ্য ও পঃ পঃ কর্মকর্তা সভায় জানান যে, তার বিভাগীয় কার্যক্রম সুষ্ঠুভাবে চলছে। করোনাকালিন সকলকে স্বাস্থ্যবিধি অনুসরণ করার আহ্বান জানান। | বিভাগীয় কার্যক্রম স্বাভাবিক রাখার জন্য অনুরোধ জানানো হলো। | উপজেলা স্বাস্থ্য ও পঃ পঃ কর্মকর্তা, ফুলবাড়ী |
| **পুলিশ বিভাগ** | অফিসার ইনচার্জ, সবাইকে অবহিত করেন যে, আইন-শৃঙ্খলা পরিস্থিতি স্বাভাবিক। আইন-শৃঙ্খলা রক্ষাকারী বাহিনীর নিয়মিত মনিটরিংয়ের ফলে কোথাও কোন অপ্রীতিকর ঘটনা ঘটেনি। | আইন-শৃঙ্খলা পরিস্থিতি স্বাভাবিক রাখতে প্রয়োজনিয় পদক্ষেপ গ্রহন করতে হবে। | অফিসার ইনচার্জ ফুলবাড়ী থানা। |

(পাতা চলমান-০২)

উপজলো প্রকৌশল বিভাগঃ

উপজেলা প্রকৌশলী সভায় জানান যে, চলতি ২০২০-২০২১ অর্থ বৎসরে জনগুরুত্বপূর্ণ ১) মাদক দ্রব্য নিয়ন্ত্রণ ও অন্যান্য অপরাধমূলক কাজ নিয়ন্ত্রণের লক্ষ্যে জরুরী ভিত্তিতে ফুলবাড়ী উপজেলাধীন ধরলা ব্রীজের পশ্চিম পার্শ্বে সীমানা গেট সংলগ্ন স্থানে পুলিশ চেক পোস্ট স্থাপন করা প্রয়োজন মর্মে গত সেপ্টেম্বর ২০২০ মাসের উপজেলা উন্নয়ন সমন্বয় কমিটির সভায় সিদ্ধান্ত গৃহীত হয়। এ বিষয়ে সভায় বিস্তারিত আলোচনান্তে প্রকল্পটি বার্ষিক উন্নয়ন কর্মসূচির অর্থায়নে দরপত্র আহ্বানের মাধ্যমে বাস্তবায়নের সুপারিশ করা হয়। এ ব্যাপারে জরুরী ভাবে কার্যকরী পদক্ষেপ গ্রহণের জন্য সভায় উপজেলা প্রকৌশলীকে অনুরোধ জানানো হইল। প্রকল্পের বিস্তারিত বিবরণ নিম্নে উল্লেখ করা হলো।

২) উপজেলা প্রকৌশলী, ফুলবাড়ী, কুড়িগ্রাম সভায় আরো জানান যে, জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান এঁর জন্মশত বার্ষিকী উদ্‌যাপন উপলক্ষে ফুলবাড়ী উপজেলা পরিষদ চত্বরের অভ্যন্তরে সুবিধাজনক স্থানে জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান এঁর ম্যুরাল নির্মাণের লক্ষ্যে স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়, স্থানীয় সরকার বিভাগ, জেলা পরিষদ অধিশাখার স্মারক নং-৪৬.০০.০০০০.০৪৬.১৬.০১০.১৯-১৭৬, তারিখঃ ০২/০২/২০২০ মোতাবেক উপজলো রাজস্ব তহবিলের অর্থায়নে ৬,৫০,০০০/- ( ছয় লক্ষ পঞ্চাশ হাজার ) টাকা বরাদ্দ দেয়া হয়। জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান এঁর ম্যুরাল নির্মাণের জন্য সর্বসম্মতিক্রমে সিদ্ধান্ত গৃহীত হয়। এ ব্যাপারে জরুরী ভাবে কার্যকরী পদক্ষেপ গ্রহণের জন্য সভায় উপজেলা প্রকৌশলীকে অনুরোধ জানানো হইল। প্রকল্পের বিস্তারিত বিবরণ নিম্নে উল্লেখ করা হলো।

| ক্রঃ নং- | প্রকল্পের নাম ও অবস্থান | বরাদ্দ | বাস্তবায়ন পদ্ধিতি |
|---|---|---|---|
| ১ | ফুলবাড়ী উপজেলাধীন ধরলা ব্রীজের পশ্চিম পার্শ্বে সীমানা গেট সংলগ্ন স্থানে পুলিশ চেক পোস্ট স্থাপনকরণ- | ৪,০০,০০০.০০ | দরপত্র |
| ২ | জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান এঁর ম্যুরাল নির্মাণ- | ৬,৫০,০০০.০০ | দরপত্র |

| | | | |
|---|---|---|---|
| উপজেলা কৃষি বিভাগ | সভায় উপজেলা কৃষি কর্মকর্তা সভায় জানান যে, বিভাগীয় কার্যক্রম সুষ্টুভাবে চলছে। চলতি রোপা আমন মৌসুমে ১১৪২৬ হেক্টর জমিতে রোপন লক্ষ্যমাত্রার স্থলে ১১৭২০ হেক্টর জমিতে রোপন সম্পন্ন হয়। কিন্তু ৪র্থ ও ৫ম দফা বন্যায় প্রায় ১৪০০ হেক্টর জমির ধান বিনষ্ট হয়। ক্ষতিগ্রস্থ জমিতে আগাম রবিশস্য করতে কৃষক পর্যায়ে পরামর্শ দেয়া হচ্ছে। সরকারিভাবে ও অন্যান্য বছরের ন্যায় প্রণোদনা কর্মসূচি পাওয়া যাবে আশা করা যাচ্ছে। আমন ধানের মাঠ অবস্থা বেশ ভাল। <br> উপজেলা পরিষদের মাধ্যমে আমার দপ্তরের সামনে সৃষ্ট জলাবদ্ধতা নিরসনে কার্যকর পদক্ষেপ গ্রহণের জন্য উপজেলা পরিষদ চেয়ারম্যান মহোদয়ের নিকট কৃতজ্ঞতা প্রকাশ করেন। <br> চলতি অর্থবছরে ৮০ (আশি) জনকে মাশকলাই প্রণোদনা এবং ৮৭৫ জনকে শাকসবজি বীজ বিতরণ কার্যক্রম নিয়মমাফিক সম্পাদন করা হচ্ছে। | কৃষি বিভাগের যাবতীয় কার্যক্রম সুষ্টুভাবে সম্পন্ন করার জন্য উপজেলা কৃষি অফিসাকে যথাযথ ব্যবস্থা গ্রহণ করার জন্য অনুরোধ জানানো হলো এবং আমন মৌসুমে বন্যার কারণে ক্ষতিগ্রস্থ কৃষকদের পাশে থেকে প্রয়োজনীয় দিকনির্দেশনা ও পরামর্শ প্রদানের জন্য বলা হলো। | উপজেলা কৃষি অফিসার ও ইউপি চেয়ারম্যান সকল । |
| উপজেলা প্রানিসম্পদ বিভাগ | উপজেলা প্রাণিসম্পদ কর্মকর্তার সভায় জানান তার বিভাগীয় কার্যক্রম সুষ্টুভাবে চলছে। তিনি আরো জানান, চলতি মাসে হিমায়িত সিমেন দ্বারা কৃত্রিম প্রজণন ৩৩৮টি, গবাদি পশুর টিকা প্রদান ৩৫২০ টি, হাঁস-মুরগির টিকা প্রদান ৩৪২০০ টি, গবাদী পশুর চিকিৎসা প্রদান ১১২৫ টি ও হাঁস মুরগির চিকিৎসা প্রদান ১৬২০৫ টি। | ফুলবাড়ী উপজেলায় প্রাণি সম্পদ অফিসে যাবতীয় কার্যক্রম সুষ্ট ভাবে সম্পন্ন করার জন্য নির্দেশ দেয়া হলো। | উপজেলা প্রাণিসম্পদ কর্মকর্তা ফুলবাড়ী |
| উপজেলা মৎস্য বিভাগ | সভায় উপজেলা মৎস্য কর্মকর্তার সভায় জানান যে, তার বিভাগীয় কার্যক্রম সুষ্ঠুভাবে চলছে। ২০২০-২০২১ অর্থবছরে রাজস্বখাতের আওতায় ০৩ টি ব্যাচে মোট ৬০ জন মৎস্য চাষী যাচাই পূর্বক প্রশিক্ষণ সমাপ্ত করা হয়েছে। <br> আগামী ১৪ অক্টোবর হতে ০৪ নভেম্বর মোট ২২ দিন মা ইলিশ প্রজণন মৌসুম হওয়ায় ইলিশ আহরণ, ক্রয়, বিক্রয় ও মজুদ করা আইননত দন্ডনীয় অপরাধ। জেলেদের নিবন্ধন ও পরিচয় প্রদান রাজস্ব খাতের আওতায় বাদপড়া জেলেদের তালিকা কার্যক্রম চলমান। ইউনিয়ন পর্যায়ে বাদপড়া জেলেদের নামের তালিকা সংগ্রহপূর্বক অত্রাফিসে দাখিলে জন্য ইউনিয়ন পরিষদ চেয়ারম্যানদেরকে অনুরোধ করেন। | উপজেলা মৎস্য অফিসে যাবতীয় কার্যক্রম সুষ্টুভাবে সম্পন্ন করার জন্য নির্দেশ দেয়া হলো। | উপজেলা মৎস্য কর্মকর্তা, ফুলবাড়ী |
| উপজেলা শিক্ষা বিভাগ | উপজেলা শিক্ষা অফিসার এর প্রতিনিধি জানান যে, বিভাগীয় কার্যক্রম সুষ্ঠুভাবে চলছে। করোনাকালিন সকল শিক্ষা প্রতিষ্ঠান বন্ধ। | প্রাথমিকশিক্ষার মানোন্নয়নে প্রাথমিক শিক্ষা কর্মকর্তাদের পরিদর্শন কার্যক্রম জোরদার করতে হবে। | উপজেলা শিক্ষা কর্মকর্তা, ফুলবাড়ী |
| উপজেলা মাধ্যমিক শিক্ষা বিভাগ | উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার জানান যে, তিনি সদ্য এ উপজেলায় যোগদান করেছেন। তার জানামতে তার বিভাগীয় কার্যক্রম সুষ্ঠুভাবে চলছে। নিয়মিত স্কুল কলেজ ও মাদরাসা পরিদর্শন করা হচ্ছে। | শিক্ষার মানোন্নয়নে লক্ষ্যে শিক্ষা প্রতিষ্ঠানের নিয়মিত ক্লাস পরিচালনার বিষয়ে প্রয়োজনীয় পদক্ষেপ গ্রহণ করতে হবে। | উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার ফুলবাড়ী |
| মহিলা বিষয়ক অধিদপ্তর | উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তা জানান যে, তার বিভাগীয় কার্যক্রম সুষ্ঠুভাবে চলছে। | উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তাকে বিভাগীয় কার্যক্রম স্বাভাবিক রাখার জন্য অনুরোধ জানানো হলো | উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তা, ফুলবাড়ী |

(পাতা চলমান-০৪)

| | | | |
|---|---|---|---|
| তথ্য সংক্রান্ত ফোকাল পয়েন্ট নিয়োগ | সভায় চেয়ারম্যান, উপজেলা পরিষদ জানান যে, স্বচ্ছ ও জবাবদিহিতা নিশ্চিতকরণের জন্য তথ্য সংক্রান্ত ফোকাল পয়েন্ট নির্বাচন করে তা জনসাধারণকে অবহিত করা প্রয়োজন। এ বিষয়ে সভায় বিস্তারিত আলোচনান্তে স্বচ্ছ ও জবাবদিহিতা নিশ্চিতকল্পে তথ্য সংক্রান্ত ফোকাল পয়েন্ট তথ্য প্রদানকারী কর্মকর্তা হিসেবে জনাব মোঃ আব্দুস সালাম, উপজেলা একাডেমিক সুপারভাইজার, উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিস, ফুলবাড়ী, কুড়িগ্রামকে নিয়োগ দেয়ার প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুরোধ করা হয়। | ফোকাল পয়েন্ট তথ্য প্রদানকারী কর্মকর্তা হিসেবে জনাব মোঃ আব্দুস সালাম, উপজেলা একাডেমিক সুপারভাইজার, উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিস, ফুলবাড়ী, কুড়িগ্রামকে নিয়োগ দেয়ার জন্য সর্বসম্মতিক্রমে সিদ্ধান্ত গৃহীত হয়। | ১। চেয়ারম্যান, উপজেলা পরিষদ, ফুলবাড়ী, কুড়িগ্রাম।<br>২। উপজেলা নির্বাহী অফিসার, ফুলবাড়ী, কুড়িগ্রাম। |
| উপজেলা প্রকল্প বাস্তবায়ন বিভাগ | উপজেলা প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তা জানান যে, তার বিভাগীয় কার্যক্রম সুষ্টুভাবে চলছে। | উপজেলা প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তাকে বিভাগীয় কার্যক্রম স্বাভাবিক রাখার জন্য অনুরোধ জানানো হলো। | উপজেলা প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তা ফুলবাড়ী |
| উপজেলা পরিবার পরিকল্পনা বিভাগ | উপজেলা পরিবার পরিকল্পনা কর্মকর্তা উপস্থিত না থাকায় বিভাগীয় কার্যক্রম সম্পর্কে জানা গেলনা। | অবশ্যই উপজেলা পরিবার পরিকল্পনা কর্মকর্তাকে পরবর্তী মাসিক সভায় উপস্থিত থাকার জন্য অনুরোধ করা হলো। | উপজেলা পরিবার পরিকল্পনা,কর্মকর্তা ফুলবাড়ী |
| উপজেলা যুব উন্নয়ন বিভাগ | সভায় উপজেলা যুব উন্নয়ন অফিসার বলেন যে, বিভাগীয় কার্যক্রম সুষ্ঠভাবে পরিচালিত হচ্ছে। যুব ঋণ বিতরন,ঋণ আদায় যথা নিয়মে বাস্তবায়িত হচ্ছে। | উপজেলা যুব উন্নয়ন কর্মকর্তা কে যাবতীয় কার্যক্রম সুষ্টুভাবে সম্পন্ন করার জন্য অনুরোধ করা হলো। | উপজেলা যুব উন্নয়ন অফিসার ফুলবাড়ী |
| উপজেলা সমাজ সেবা বিভাগ | উপজেলা সমাজ সেবা কর্মকর্তা জানান তার বিভাগীয় কার্যক্রম সুষ্টুভাবে চলছে। সামাজিক নিরাপত্তা বেষ্টনীর আওতায় ২০১৯-২০২০ অর্থবছরে বয়স্ক, বিধবা ও স্বামী নিগৃহীতা মহিলা ভাতা ও অস্বচ্ছল প্রতিবন্ধী ভাতার অতিরিক্ত বরাদ্দ পাওয়া যায়। বয়স্ক ভাতা-৬০৫ জন্য, বিধবা ভাতা-৪২৯ জন, অস্বচ্ছল প্রতিবন্ধী ভাতা ১৫৫৫ জনের বিপরীতে প্রাপ্ত বরাদ্দ নীতিমালা অনুযায়ী উপজেলা ভাতা বাস্তবায়ন কমিটির সিদ্ধান্ত অনুসারে ভাতাভোগীদের মধ্যে ভাতার টাকা বিতরণ করা হয়েছে। মাজিক নিরাপত্তা বেস্টনীর আওতায় শতভাগ ভাতা সম্পন্নকরণের নিমিত্ত অনলাইনে অত্র উপজেলায় বয়স্ক ভাতা খাতে ৪৬৭৮ জন ও বিধবা ভাতা খাতে ৩৫৯২ জনের আবেদন পাওয়া গেছে। যা অধিদপ্তরে প্রেরণ করা হয়েছে। বরাদ্দ প্রাপ্তি সাপেক্ষে শতভাগ বাস্তবায়ন করা হবে। পল্লী সমাজসেবা কার্যক্রম আর,এস,এস ক্ষুদ্র ঋণ খাতে সুদমুক্ত ক্ষুদ্র ঋণ ১,৫০,০০০/= টাকা বিনিয়োগ এবং ৪,৫০,০০০/- টাকা পুণঃবিনিয়োগ করা হয়েছে। | উপজেলা সমাজ সেবা কর্মকর্তা কে বিভাগীয় কার্যক্রম স্বাভাবিক রাখার জন্য অনুরোধ জানানো হলো। | উপজেলা সমাজ সেবা কর্মকর্তা, ফুলবাড়ী |
| উপজেলা পল্লী উন্নয়ন বিভাগ | উপজেলা পল্লী উন্নয়ন অফিসার এর প্রতিনিধি জানান তার বিভাগীয় কার্যক্রম সুষ্টুভাবে চলছে। | বিভাগীয় কার্যক্রম স্বাভাবিক রাখার জন্য অনুরোধ জানানো হলো। | উপজেলা পল্লী উন্নয়ন অফিসার ফুলবাড়ী। |
| উপজেলা জনস্বাস্থ্য প্রকৌশল বিভাগ | সভায় উপজেলা জনস্বাস্থ্য প্রকৌশল কর্মকর্তা জানান যে, তার বিভাগীয় কার্যক্রম সুষ্ঠুভাবে চলছে। | বিভাগীয় কার্যক্রম স্বাভাবিক রাখার জন্য অনুরোধ জানানো হলো। | ১। উপসহকারী প্রকৌশলী,জনস্বাস্থ্য প্রকৌশল অধিদপ্তর, ফুলবাড়ী |

(পাতা চলমান -০৫)

| | | | |
|---|---|---|---|
| উপজেলা নির্বাচন অফিস | উপজেলা নির্বাচন কর্মকর্তা উপস্থিত না থাকায় বিভাগীয় কার্যক্রম সম্পর্কে জানা গেলনা। | অবশ্যই পরবর্তী মাসিক সভায় উপস্থিত থাকার জন্য অনুরোধ করা হলো। | উপজেলা নির্বাচন অফিসার ফুলবাড়ী |
| উপজেলা আনসার ও ভিডিপি অফিস | সভায় উপজেলা আনসার ও ভিডিপি অফিসার সভায় জানান তার বিভাগীয় কার্যক্রম সুষ্টুভাবে চলছে। | বিভাগীয় কার্যক্রম স্বাভাবিক রাখার জন্য অনুরোধ জানানো হলো। | উপজেলা আনসার ও ভিডিপি অফিসার ফুলবাড়ী |
| উপজেলা বন বিভাগ | উপজেলা ফরেস্টার সামাজিক বনায়ন ফুলবাড়ী জানান যে, তার বিভাগীয় কার্যক্রম সুষ্ঠুভাবে চলছে। | বিভাগীয় কার্যক্রম স্বাভাবিক রাখার জন্য অনুরোধ জানানো হলো। | উপজেলা ফরেস্টার সামাজিক বনায়ন ফুলবাড়ী। |
| উপজেলা খাদ্য বিভাগ | উপজেলা খাদ্য নিয়ন্ত্রক কর্মকর্তা, উপস্থিত না থাকায় বিভাগীয় কার্যক্রম সম্পর্কে জানা গেলনা। | অবশ্যই উপজেলা পরবর্তী মাসিক সভায় উপস্থিত থাকার জন্য অনুরোধ করা হলো। | উপজেলা খাদ্য নিয়ন্ত্রক, ফুলবাড়ী |
| উপজেলা সমবায় বিভাগ | সভায় উপজেলা সমবায় কর্মকর্তা সভায় জানান যে, তার বিভাগীয় কার্যক্রম সুষ্ঠুভাবে চলছে। | বিভাগীয় কার্যক্রম স্বাভাবিক রাখার জন্য অনুরোধ জানানো হলো। | উপজেলা সমবায় অফিসার, ফুলবাড়ী |
| উপজেলা পরিসংখ্যান বিভাগ | উপজেলা পরিসংখ্যান অফিসার এর প্রতিনিধি সভায় জানান যে, তার বিভাগীয় কার্যক্রম সুষ্ঠুভাবে চলছে। | বিভাগীয় কার্যক্রম স্বাভাবিক রাখার জন্য অনুরোধ জানানো হলো। | উপজেলা পরিসংখ্যান অফিসার, ফুলবাড়ী। |
| সংসদ সদস্যের প্রতিনিধি | সংসদ সদস্যের প্রতিনিধি তার পরিচয় দেন এবং মাননীয় সংসদ সদস্য মহোদয়ের পক্ষ থেকে সবাইকে ধন্যবাদ জানান। তিনি সকল বিভাগীয় প্রধানগণকে তাদের দাপ্তরিক কাজে উপজেলা পরিষদ চেয়ারম্যানকে সম্পৃক্ত করে পরস্পর সমন্বয়ের মাধ্যমে উন্নয়নমূলক কাজ সম্পাদনের জন্য অনুরোধ জানান। | বিভাগীয় প্রধানগণকে তাদের দাপ্তরিক কাজে উপজেলা পরিষদ চেয়ারম্যানকে সম্পৃক্ত করে পরস্পর সমন্বয়ের মাধ্যমে উন্নয়নমূলক কাজ সম্পাদনের জন্য অনুরোধ জানানো হয়। | সংশ্লিষ্ট সকল |
| উপজেলা হিসাব রক্ষণ অফিসার | উপজেলা হিসাব রক্ষণ অফিসার উপস্থিত না থাকায় বিভাগীয় কার্যক্রম সম্পর্কে জানা গেলনা। | পরবর্তী মাসিক সভায় উপস্থিত থাকার জন্য অনুরোধ করা হলো। | উপজেলা হিসাব রক্ষণ অফিসার,ফুলবাড়ী |
| আমার বাড়ি আমার খামার | আমার বাড়ি আমার খামার ও পল্লী সঞ্চয় ব্যাকের উপজেলা সমন্বয়কারী/শাখা ব্যবস্থাপক সভায় জানান যে, তার বিভাগীয় কার্যক্রম সুষ্ঠু ও সুন্দরভাবে চলছে। সেপ্টেম্বর ২০২০ মাসে এ শাখায় অডিট কার্যক্রম সম্পন্ন হয়। সম্প্রতি জেলা প্রশাসক, কুড়িগ্রাম মহোদয় কর্তৃক আমার বাড়ি আমার খামার প্রকল্পের সমিতি পরিদর্শন করেন এবং সমিতির সদস্যদেরকে আত্নকর্মসংস্থান সৃষ্টির লক্ষ্যে প্রতিটি বাড়িতে খামার সৃষ্টির আহবান জানান। | বিভাগীয় কার্যক্রম স্বাভাবিক রাখার জন্য অনুরোধ জানানো হলো। | সমন্বয়কারী আমার বাড়ি আমার খামার প্রকল্প, ফুলবাড়ী। |
| বিবিধ | ১। চেয়ারম্যান, উপজেলা পরিষদ, ফুলবাড়ী, কুড়িগ্রাম সভায় জানান যে, উপজেলা রাজস্ব তহবিল নির্দেশিকার ৩(ঘ) অপ্রত্যাশিত ব্যয় খাত হতে উপজেলা পরিষদের রাজস্ব তহবিলের অর্থায়নে ০৮টি ড্রাম ও ০১ টি সেলাই মেশিন ক্রয়ের ব্যয় নির্বাহের জন্য উপজেলা পরিষদ রাজস্ব তহবিল হতে ০৮টি ড্রাম ক্রয় বাবদ ১৭,৬০০/- (সতেরো হাজার ছয়শত টাকা) এবং ০১টি সেলাই মেশিন ক্রয় বাবদ ৮,৫০০/- (আট হাজার পাঁচশত) টাকা সহ সর্বমোট ২৬,১০০/- (ছাব্বিশ হাজার একশত) টাকা উত্তোলন করা প্রয়োজন। এ বিষয়ে সভায় বিস্তারিত আলোচনা হয়। | উপজেলা পরিষদ রাজস্ব তহবিল হতে ০৮টি ড্রাম ক্রয় বাবদ ১৭,৬০০/- (সতেরো হাজার ছয়শত টাকা) এবং ০১টি সেলাই মেশিন ক্রয় বাবদ ৮,৫০০/- (আট হাজার পাঁচশত) টাকা সহ সর্বমোট ২৬,১০০/- (ছাব্বিশ হাজার একশত) টাকা উত্তোলন করার সিদ্ধান্ত গৃহিত হয়। | ১।চেয়ারম্যান, উপজেলা পরিষদ,ফুলবাড়ী, কুড়িগ্রাম।<br>২। উপজেলা নির্বাহী অফিসার,ফুলবাড়ী, কুড়িগ্রাম। |

(পাতা চলমান-০৬)

| | | | |
|---|---|---|---|
| | ২। উপজেলা প্রকৌশলী সভায় জানান যে, সাম্প্রতিক কয়েক দফা বন্যা ও অতিবৃষ্টির কারণে ফুলবাড়ী উপজেলার বিভিন্ন রাস্তা চলাচলে অনুপযোগী হয়েছে। যা জনসাধারণের চলাচলের স্বার্থে দ্রুত মেরামত করা প্রয়োজন। তিনি আরো বলেন-<br>(১) ফুলবাড়ী হইতে বালারহাট বাজার পর্যন্ত রাস্তা মেরামতকরণ<br>(২)ফুলবাড়ী হইতে বালারহাট ইউজেডআর নয়ারবাজার হইতে জুম্মাপাড়া ভায়া বিডিআর ক্যাম্প পর্যন্ত রাস্তা মেরামতকরণ<br>(৩) উপজেলা কৃষি অফিসের মেইন গেইট ও বাউন্ডারী ওয়াল মেরামতকরণ একান্ত জরুরি। এ বিষয়ে সভায় বিস্তারিত আলোচনা হয়। | বিষয়টি নিয়ে সভায় বিশদভাবে আলোচনান্তে, উক্ত উপজেলা পরিষদ রাজস্ব তহবিল হতে ১,৯৮,০০০/- (এক লক্ষ আটানব্বই হাজার) টাকা ব্যয়ে মেরামতযোগ্য প্রকল্প ০৩ (তিন) টি গ্রহণের সর্বসম্মত সিদ্ধান্ত গৃহিত হলো। | প্রকল্প কমিটিঃ<br>১। মোঃ উজির আলী ইউপি সদস্য, বড়ভিটা ইউপি আহবায়ক।<br>২। মোঃ আব্দুল বাতেন, পেশ ঈমাম, উপজেলা কমপ্লেক্স জামে মসজিদ। সদস্য<br>৩। মোঃ মিজানুর রহমান, শিক্ষক, সদস্য<br>৪। মোঃ মাহাবুল হক খন্দকার, সাবেক ইউপি সদস্য, বড়ভিটা ইউপি, সদস্য<br>৫। মোঃ জোবেদ আলী, গণ্যমান্য, সদস্য |

সভায় আর কোন আলোচনা না থাকায় সভাপতি উপস্থিত সকল সদস্যগণকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।

(মোঃ গোলাম রব্বানী সরকার)
সভাপতি
উপজেলা পরিষদ সাধারণ সভা
এবং
চেয়ারম্যান
উপজেলা পরিষদ
ফুলবাড়ী, কুড়িগ্রাম।

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়
ফুলবাড়ী, কুড়িগ্রাম।

স্মারক নং-০৫.৪৭.৪৯১৮.০০০.০৩.০০১.২০-৫৭৬ (৪০) তারিখ ঃ ১৪/১০/২০২০খ্রিঃ।

অনুলিপি সদয় জ্ঞাতার্থে/কার্যার্থে প্রেরিত হলো (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়) ঃ

১। মন্ত্রিপরিষদ সচিব, মন্ত্রিপরিষদ বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
২। মাননীয় সংসদ সদস্য, ২৬ কুড়িগ্রাম-২ বাংলাদেশ জাতীয় সংসদ সচিবালয়, ঢাকা-১২০৭।
৩। সচিব, স্থানীয় সরকার বিভাগ, স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৪। সচিব, শিক্ষা মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৫। সিনিয়র সচিব/সচিব, কৃষি মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৬। সিনিয়র সচিব/সচিব, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৭। সিনিয়র সচিব/সচিব, খাদ্য মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৮। সিনিয়র সচিব/সচিব ........................................ বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৯। বিভাগীয় কমিশনার, রংপুর বিভাগ, রংপুর।
১০। পরিচালক, স্থানীয় সরকার, রংপুর বিভাগ, রংপুর।
১১। জেলা প্রশাসক, কুড়িগ্রাম।
১২। চেয়ারম্যান, উপজেলা পরিষদ, ফুলবাড়ী কুড়িগ্রাম।
১৩। ভাইস চেয়ারম্যান/মহিলা ভাইস চেয়ারম্যান, উপজেলা পরিষদ, ফুলবাড়ী কুড়িগ্রাম।
১৪। উপজেলা ............................................... কর্মকর্তা, ফুলবাড়ী, কুড়িগ্রাম।
১৫। চেয়ারম্যান ................................. ইউনিয়ন পরিষদ, ফুলবাড়ী, কুড়িগ্রাম।
১৬। জনাব ..............................................................................
১৭। অফিস নথি।

(মোঃ তৌহিদুর রহমান)
উপজেলা নির্বাহী অফিসার
ফুলবাড়ী, কুড়িগ্রাম।
ফোনঃ ০৫৮২৫-৫৬০০১
ফ্যাক্সঃ ০৫৮২৫-৫৬০২৩
E-mail:unofulbarikurigram@mopa.gov.bd